

সমকাল

ভর্তি পরীক্ষা দিতে এসে বাড়তি খরচ গুনতে হয় শিক্ষার্থীদের

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

১০ ঘন্টা আগে

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিতে এসে ভোগান্তির শিকার হতে হয় পরীক্ষার্থীদের। অতিরিক্ত ভাড়া আদায়, খাবারের দাম বেশি রাখা, থাকার জন্য রুম না পাওয়াসহ নানা ঝামেলা পোহাতে হয় তাদের। একদিকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার চাপ, অন্যদিকে বাড়তি ভাড়া নেওয়ায় বিপাকে পড়তে হয় ভর্তি পরীক্ষার্থীদের।

বাড়তি ভাড়া কমানোর জন্য প্রতি বছর ভর্তি পরীক্ষার আগে বিশ্ববিদ্যালয় প্রশাসনের তৎপরতা দেখা গেলেও এ সমস্যা কাটিয়ে উঠতে পারেনি তারা। তবে ভর্তি পরীক্ষার্থীদের যে কোনো সহযোগিতায় পাশে থাকার আশ্বাস দিয়েছেন কুমিল্লা সিটি করপোরেশনের মেয়র। সিটি মেয়র মনিরুল হক সাক্ষু বলেন, কেউ বাড়তি ভাড়া নিলে আমাদের তাৎক্ষণিক কিছু করার থাকে না। তবে ভর্তি পরীক্ষার্থীদের জন্য খাবার বা পানি সরবরাহের উদ্যোগ নেওয়া হলে আমি সহায়তা করব।

আগামী ৮ ও ৯ নভেম্বর কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারের ভর্তি পরীক্ষায় লড়বেন ৬৮ হাজারের অধিক ভর্তিচ্ছু। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জায়গা না হওয়ায় পরীক্ষার্থীদের একটি বড় অংশ কুমিল্লা শহরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে পরীক্ষায় অংশগ্রহণ করেন। অভিযোগ রয়েছে, শহরের বিভিন্ন কেন্দ্রে যাতায়াতের সময় পরীক্ষার্থীদের কাছ থেকে বাড়তি ভাড়া আদায় করা হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের ড. কাজী মোহাম্মদ কামাল উদ্দিন বলেন, ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে সিএনজি ও অটোচালকরা যেন ভাড়া না বাড়ায় এ নিয়ে আমরা মিটিং করব। যদি কেউ বাড়তি ভাড়া আদায় করে বা কোনো পরীক্ষার্থী ভোগান্তির শিকার হয়, তাহলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১১১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল: ad.samakalonline@outlook.com